

## 🗏 আল-আন'আম | Al-An'am | ٱلْأَنْعَام

আয়াতঃ ৬: ৪৯

আরবি মূল আয়াত:

## 🗚 অনুবাদসমূহ:

আর যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে তাদেরকে স্পর্শ করবে আযাব, এ কারণে যে, তারা নাফরমানী করত। — আল-বায়ান

আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যে মনে করে, শাস্তি তাদেরকে স্পর্শ করবে, কেননা তারা নাফরমানীতে লিপ্ত ছিল। — তাইসিরুল

আর যারা আমার আয়াত ও নিদর্শনসমূহকে মিথ্যা প্রতিপন্ন করবে তারা তাদের নিজেদের ফাসেকীর কারণে শাস্তি ভোগ করবে। — মুজিবুর রহমান

But those who deny Our verses - the punishment will touch them for their defiant disobedience. — Sahih International

৪৯. আর যারা আমাদের আয়াতসমূহে মিথ্যারোপ করেছে, তাদেরকে স্পর্শ করবে আযাব, কারণ তারা নাফরমানী করত।

তাফসীরে জাকারিয়া

- (৪৯) যারা আমার নিদর্শনসমূহকে মিথ্যা মনে করে, সত্য-ত্যাগের জন্য তাদের উপর শাস্তি আপতিত হবে। [1]
  - [1] অর্থাৎ, তাদের শাস্তি এই জন্য হবে যে, তারা কুফরী এবং মিথ্যাজ্ঞান করার পথ অবলম্বন করেছে। আল্লাহর আনুগত্য এবং তাঁর নির্দেশাবলীর কোন পরোয়া করেনি। তাঁর হারামকৃত ও নিষিদ্ধ কার্যকলাপে লিপ্ত থেকেছে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=838

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন